



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৬০৩১/৫৯২

তারিখ : ০৬-১১-২০২২ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : ১) প্রধান শিক্ষকের ১৭-১০-২০২২ খ্রি. তারিখের আবেদন আইডি নং-১৮৬৯৯।
২) বিজ্ঞ জেলা জজ আদালত, সদর, যশোর মিস আপিল রং ৪৪/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, যশোর সদর, যশোর এর ৩২৩/২২ নং মোকদ্দমা এবং বিজ্ঞ জেলা জজ আদালত, যশোর সদর, যশোর এর মিস আপিল নং ৪৪/২২ চলমান। বিজ্ঞ আদালতের রায় পর্যবেক্ষণে দেখা যায়, বর্ণিত বিদ্যালয়ের এডহক কমিটি নির্দিষ্ট সময়ের মধ্যে সঠিক এবং সুষ্ঠুভাবে নির্বাচনের সকল প্রক্রিয়া সম্পন্ন করেন এবং ২২-০৬-২০২২ খ্রি. তারিখে নির্বাচন অনুষ্ঠান বাকী থাকা অবস্থায় বিজ্ঞ আদালতের কারণ দর্শানোর আদেশ প্রদান করায় প্রিজাইডিং অফিসার ২২-০৬-২০২২ খ্রি. তারিখের নির্বাচন কার্যক্রম স্থগিত রাখেন এবং ২৫-০৭-২০২২ খ্রি. তারিখে এডহক কমিটির মেয়াদ শেষ হয়ে যায়। উক্ত এডহক কমিটি বিজ্ঞ আদালতে নির্বাচন সংক্রান্ত মোকদ্দমা চলমান থাকায় ম্যানেজিং কমিটির নির্বাচন ২২-০৬-২০২২ খ্রি. তারিখ বা এডহক কমিটির ২৫-০৭-২০২২ খ্রি. তারিখের মেয়াদের মধ্যে সম্পন্ন করতে পারেন নাই। এমতাবস্থায়, সংশ্লিষ্ট বিদ্যালয় সঠিক ও সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে গত এডহক কমিটির অসমাপ্ত কাজ অর্থাৎ শুধুমাত্র ম্যানেজিং কমিটির নির্বাচন সম্পন্ন করার জন্য " মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধি-৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য বলা হলো।

স্বাঃ

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক
রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয় (১১৫৯৯৫)
রুদ্রপুর, যশোর সদর
যশোর।

স্মারক নং- বিঅ-৬/৬০৩১/৫৯২

তারিখ : ০৬-১১-২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর।
- ৫। সংরক্ষণ নথি।

(Signature)
০৩/১১/২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

(Signature)
০৩/১১/২০২২